15 MAY 2017

# নরসিংদীতে বিশ্ববিদ্যালয় চাই

বাংলাদেশের প্রত্নতাত্ত্বিক ইতিহাসে নরসিংদী একটি সুপ্রাচীন ও বিখ্যাত জনপদ। শীতলক্ষ্যা ও মেঘনা নদীর ভূ-ভাগে ৬টি থানা নিয়ে নরসিংদী জেলা। এ জেলায় জন্ম নিয়েছেন অনেক মহামনীষী, যাদের আত্মত্যাগ ও গৌরবগাথায় সমৃদ্ধ এ দেশ। উনসত্তরের গণআন্দোলনের মহানায়ক শহীদ আসাদ, '৭১-এর স্বাধীনতা যুদ্ধের বীর সেনানী বীরশ্রেষ্ঠ শহীদ মতিউর রহমান, আধুনিক কবি শামসুর রাহমান, মনোজাগতিক কবি ভাই গিরিশচন্দ্র সেন, আলাউদ্দিন আল আজাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক, ড. মনিরুজ্জামান আমাদের এ মাটির অহঙ্কার। এ দেশ শিল্প-সাহিত্য-সংস্কৃতির ক্ষেত্রে উজ্জ্বল নক্ষত্র হিসেবে পরিচিত বিশ্বব্যাপী। নরসিংদীতে রয়েছে উন্নত যোগাযোগ ব্যবস্থা। শিল্প, অর্থনীতিতেও উন্নত নরসিংদী। নরসিংদী জেলায় সাধারণ শিল্প, কুটির শিল্প, সুতাকল, সার কারখানা, ভারী শিল্প, জুট মিলসহ ৯১৭টি মিল হয়েছে। নরসিংদী জেলার একটি বিশেষ ঐতিহ্য হচ্ছে তাঁত শিল্প। প্রাচ্যের ম্যানচেস্টার বলে খ্যাত বাবুরহাট। এই সুতা রঙ করা হয় অত্যাধুনিক মেশিনে। এখানে তৈরি হয় বিভিন্ন ধরনের শাড়ি, লুঙ্গি, গামছা, চাদর, যা আমাদের চাহিদা মিটিয়ে বিদেশে রফতানিও হয়। এ পরিস্থিতিতে আমাদের জনপদে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও নরসিংদী জেলা থেকে নির্বাচিত সংসদ সদস্যরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে আশা করি।

**জাহিদুল ইসলাম**
জামালিয়াকান্দি, নজরপুর, নরসিংদী

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর